ভোরের কাগজ

৫২

তারিখ ... MAR. 0 1 2000 ...
পৃষ্ঠা ১৩ কলাম ২৭......

### শিক্ষক সমিতি ফেডারেশনের আলোচনা সভা

# নকল প্রতিরোধে জাতীয় পরীক্ষা নীতি প্রণয়ন করার আহ্বান

কাগজ প্রতিবেদক : 'পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধে জাতীয় অঙ্গীকার অপরিহার্য' শীর্ষক এক আলোচনা সভায় শিক্ষক নেতৃবৃন্দ জাতীয় পরীক্ষা ইনস্টিটিউট প্রতিষ্ঠা ও জাতীয় পরীক্ষা নীতি প্রণয়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

সভায় বক্তারা শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে অবিলম্বে শিক্ষক, অভিভাবক, প্রশাসনসহ দলমত নির্বিশেষে রাজনৈতিক নেতৃবৃন্দকে একটি জাতীয় অঙ্গীকারে আবদ্ধ হয়ে পরীক্ষা পদ্ধতির আমূল সংস্কারে এগিয়ে আসার ওপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে প্রশ্নপত্রের গতানুগতিক ধরন পরিবর্তন ও 'খোলা বই পরীক্ষা পদ্ধতি' প্রবর্তনের কথা সক্রিয়ভাবে বিবেচনায় আনতে হবে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে গতকাল মঙ্গলবার বিকালে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে এ আলোচনা সভার আয়োজন করা হয়। ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ আজিজুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, সরকারি কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান ডলার, সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোহাম্মদ তোয়াহা প্রমুখ।

সভায় বক্তারা যত্রতত্র পরীক্ষা কেন্দ্র স্থাপন করা থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে বলেন, নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদেরই শুধু পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিদান ও অভিভাবকদের সহায়তায় ছাত্রছাত্রীদের ক্লাসে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে। তারা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত 'অভিভাবক দিবস' পালনের ওপরও গুরুত্বারোপ করেন। এ ছাড়া শিক্ষক প্রতিনিধিবৃন্দ পরীক্ষায় জীবনের ঝুঁকি নিয়ে দায়িত্ব পালনকারী শিক্ষক-কর্মচারীদের যথোপযুক্ত মর্যাদা এবং নিরাপত্তা বিধানের জন্য সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দাবি জানান।

সভায় পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধে ফেডারেশনের ৭ দফা বাস্তবায়ন কর্মসূচির অংশ হিসেবে আগামী ২৯ মার্চ জাতীয় পর্যায়ে পাবলিক পরীক্ষা বিষয়ে এক কর্মশালা অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়।